

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮৩৩

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ আবু বকর সিদ্দীক (রাঃ) এর মাহাত্ম্য

## আরবী

عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ رَضِىَ اللهُ عَنْهُ يَقُوْلُ أَمَرَنَا رَسُوْلُ اللهِ عَلَيْ يَوْمًا أَنْ نَتَصَدَّقَ فَوَافَقَ ذَٰلِكَ مَالاً عِنْدِى فَقُلْتُ الْيَوْمَ أَسْبِقُ أَبَا بَكْرٍ إِنْ سَبَقْتُهُ يَوْمًا فَجِبِّتُ بِنِصنْفِ مَالِيْ فَوَافَقَ ذَٰلِكَ مَالاً عِنْدِى فَقُلْتُ الْيَوْمَ أَسْبِقُ أَبَا بَكْرٍ إِنْ سَبَقْتُهُ يَوْمًا فَجِبِّتُ بِنِصنْفِ مَالِيْ فَقَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ مَا أَبْقَيْتَ لأَهْلِكَ قُلْتُ مِثْلَهُ قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ مَا أَبْقَيْتَ لأَهْلِكَ قَالَ لَهُ رَسُوْلُ اللهِ عَلَيْ لَا اللهِ عَلَيْ مَا أَبْقَيْتَ لأَهْلِكَ قَالَ لَهُ رَسُولُ اللهِ عَلَيْ لِلهُ عَنْهُ بِكُلِّ مَا عِنْدَهُ فَقَالَ لَهُ رَسُوْلُ اللهِ عَلَيْ لِلهُ عَنْهُ بِكُلِّ مَا عِنْدَهُ فَقَالَ لَهُ رَسُوْلُ اللهِ عَلَيْ مَا أَبْقَيْتَ لأَهُ لِكَ أَلْكُ عَنْدَى إلَيْ اللهِ عَلَيْ مُ اللهُ وَرَسُوْلُهُ قُلْتُ لاَ أُسَابِقُكَ إِلَى شَيْءٍ أَبَدًا

## বাংলা

(২৮৩৩) উমার বিন খাত্বাব (রাঃ) বলেন, একদা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে দান করতে আদেশ দিলেন। সে সময় আমার কাছে বেশ কিছু মাল ছিল। আমি মনে মনে বললাম, যদি কোনদিন আবূ বকরকে হারাতে পারি, তাহলে আজ আমি প্রতিযোগিতায় তাঁকে হারিয়ে ফেলব। সুতরাং আমি আমার অর্ধেক মাল নিয়ে এসে রাসূলুল্লাহর দরবারে হাযির হলাম। তিনি আমাকে জিজ্ঞাসা করলেন, "(এত মাল!) তুমি তোমার ঘরে পরিজনের জন্য কী রেখে এলে?" উত্তরে আমি বললাম, "অনুরূপ অর্ধেক রেখে এসেছি।" আর এদিকে আবূ বকর তাঁর বাড়ির সমস্ত মাল নিয়ে হাযির হলেন। তাঁকে আল্লাহর নবী জিজ্ঞাসা করলেন, "তুমি তোমার পরিজনের জন্য ঘরে কী রেখে এলে?" উত্তরে তিনি বললেন, "আমি ঘরে তাদের জন্য আল্লাহ ও তাঁর রসূলকে রেখে এসেছি!" তখনই মনে মনে বললাম যে, "আবু বকরের কাছে কোন প্রতিযোগিতাতেই আমি জিততে পারব না।"

## ফুটনোট

(আবূ দাঊদ ১৬৮০, তিরমিযী ৩৬৭৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন